

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ
১৪১-১৪৩ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

নথি নং-১৮.১১.০০০০.০১১.৩২.০০২.২৬/ (১)২

তারিখঃ ০৪/০৬/২০২৬খ্রিঃ

জনাব মোঃ সফিকুর রহমান
ডেমনেস্ট্রেশ্বর(ওয়ার্কশপ)(ডেক/ইঞ্জিন)
শিপ পার্সোনেল ট্রেনিং ইনস্টিটিউট (এসপিটিআই)
বিআইডব্লিউটিএ, চরমুগরিয়া, মাদারীপুর।

স্থায়ী ঠিকানাঃ

পিতাঃ মোঃ মোকলেছুর রহমান
মাতাঃ মোসাঃ লুৎফার নাহার
গ্রামঃ চন্দ্রপাড়া
পোঃ মদনপুরা পোস্টকোডঃ ৮৬২০
উপজেলাঃ বাউফল, জেলাঃ পটুয়াখালী।

বিষয়ঃ ৮৭ দিন বিনা-বেতনে ছুটি মঞ্জুরসহ সতর্ককরণ প্রসঙ্গে।

আপনি জনাব মোঃ সফিকুর রহমান, জন্ম তারিখঃ ১০/১২/১৯৯৬, পিতাঃ মোঃ মোকলেছুর রহমান, মাতাঃ মোসাঃ লুৎফার নাহার, গ্রামঃ চন্দ্রপাড়া, পোঃ মদনপুরা পোস্টকোডঃ ৮৬২০, উপজেলাঃ বাউফল, জেলাঃ পটুয়াখালী জাতীয় বেতন স্কেল'২০১৫ এর ১৬তম গ্রেডভুক্ত ৯,৩০০-২২,৪৯০/- টাকার বেতনক্রমে মাসিক ৯,৩০০/- টাকা মূল বেতনে এবং অন্যান্য স্বীকার্য ভাতাদিসহ কর্তৃপক্ষের দপ্তর আদেশ নং ১৯০৭/২০২৫; তারিখ ১৯/১০/২০২৫খ্রিঃ দ্বারা বিআইডব্লিউটিএ'র ডেমনেস্ট্রেশ্বর(ওয়ার্কশপ)(ডেক/ইঞ্জিন) পদে নিয়োগ প্রাপ্ত হন। আপনি গত ৩০/১০/২০২৫ তারিখে কর্তৃপক্ষের প্রশাসন ও মানব সম্পদ বিভাগে কাজে যোগদান করেন এবং বদলী পূর্বক পদায়নের প্রেক্ষিতে গত ১১/১১/২০২৫খ্রিঃ তারিখ শিপ পার্সোনেল ট্রেনিং ইনস্টিটিউট (এসপিটিআই), বিআইডব্লিউটিএ, চরমুগরিয়া, মাদারীপুরে কাজে যোগদান করেন। কর্মস্থলে কাজে যোগদানের পর আপনি গত ০৪/০১/২০২৬খ্রিঃ হতে ৩১/০৩/২০২৬খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ৮৭ দিন বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থেকে গত ০১/০৪/২০২৬খ্রিঃ তারিখ কাজে যোগদান করেন। আপনি বিনানুমতিতে কর্মস্থলে ৮৭ দিন অনুপস্থিত থাকায় দাপ্তরিক কাজের বিঘ্ন সৃষ্টি হয়েছে। যা কর্তৃপক্ষের কর্মচারীর চাকুরী শৃংখলা বিধির পরিপন্থি।

০২। এমতাবস্থায়, আপনার কর্মস্থলে বিনানুমতিতে ৮৭ দিন অনুপস্থিত কালকে বিনাবেতনে ছুটি হিসেবে মঞ্জুর পূর্বক ভবিষ্যতে অধিকতর দায়িত্বশীলতা ও সচেতনতার সাথে দপ্তরে উপস্থিত থেকে দায়িত্ব পালন করার জন্য আপনাকে সতর্ক করা হলো।

০৩। এতে চেয়ারম্যান মহোদয়ের অনুমোদন রয়েছে।

অনুলিপিঃ

- ০১। পরিচালক, হিসাব বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০২। পরিচালক, নিরীক্ষা বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০৩। পরিচালক, অর্থ বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, শিপ পার্সোনেল ট্রেনিং ইনস্টিটিউট(এসপিটিআই), বিআইডব্লিউটিএ, চরমুগরিয়া, মাদারীপুর।
- ০৫। পরিচালক, আইসিটি বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা(ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ০৬। উপ-পরিচালক, হিসাব বিভাগ, বিআইডব্লিউটিএ, বরিশাল।
- ০৭। সমন্বয় কর্মকর্তা, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০৮। ব্যক্তিগত সহকারী, সদস্য (অর্থ) মহোদয়ের দপ্তর, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০৯। ব্যক্তিগত নথি।

স্বাক্ষরিত

(নাহিদা বিনতে সাঈদ)

উপ-পরিচালক(মানব সম্পদ)

নওশীন
৪/৬/২০২৬

উপ-পরিচালক(মানব সম্পদ)

